

# যুগান্তর

## প্রজ্ঞাপন জারির দাবিতে ক্লাস-পরীক্ষা বর্জন

কোটা বাতিলে প্রধানমন্ত্রীর ঘোষণা

প্রকাশ : ১৫ মে ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংক্ষিপ্ত

যুগান্তর ডেক্স

সরকারি চাকরিতে কোটা বাতিলে প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী প্রজ্ঞাপন জারির দাবিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিক্ষেপ ও মানববন্ধন করেছেন শিক্ষার্থীরা বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে সোমবার ক্লাস-পরীক্ষা বর্জন করে এসব কর্মসূচি পালন করেন তারা। যুগান্তর বুরো ও প্রতিনিধিরা জানান-

রাবি : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের আহরামে শিক্ষার্থীরা সোমবার ক্লাস-পরীক্ষা বর্জন করেন। ক্যাম্পাস সূত্র জানায়, সকাল ৮টার দিকে বিশ্ববিদ্যালয় পরিষদের বাস চলাচল বন্ধ করে দেয় শিক্ষার্থীরা। পরিষদের দফতরের প্রশাসক বাস চলাচল স্বাভাবিক রাখার চেষ্টা করলেও শিক্ষার্থীদের বাধার মুখে বন্ধ রাখা হয়। পরে আন্দোলনকারীরা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রাহণারের সামনে বিক্ষেপ করে। এদিকে আন্দোলনকারীদের ধর্মঘটের কারণে বিশ্ববিদ্যালয়ের প্রায় সব বিভাগে ক্লাস-পরীক্ষা বন্ধ রাখা হয়। সংরক্ষণ পরিষদের রাবি শাখার যুগ্ম-আহরায়ক মোরশেদ আলম বলেন, কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে ধর্মঘট কর্মসূচি পালন করেছি।

জাবি : মিছিল করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সোমবার বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদ জাবি ইউনিট'র ব্যানারে মিছিলটি শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহীদ মিমারে সক্ষিপ্ত সমাবেশের মাধ্যমে শেষ হয়। এদিকে কোটা সংক্ষেপ আন্দোলনে সমর্থন জানিয়ে বন্ধ রয়েছে বেশ কয়েকটি বিভাগের ক্লাস-পরীক্ষা।

দিনাজপুর : ক্লাস ও পরীক্ষা বর্জন করে বিক্ষেপ ও মানববন্ধন করেছে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। বিকালে দিনাজপুর-রংপুর মহাসড়ক অবরোধ করে বিদ্যুৎ শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা সোমবার ক্লাস বর্জন করে বেলা ১২টায় ক্যাম্পাসে বিক্ষেপ মিছিল করে।

বেরেবি : বিক্ষেপ কর্মসূচি পালন করেছে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সোমবার ক্লাস-পরীক্ষা বর্জন করে বিক্ষেপ মিছিল, মানববন্ধন এবং অবস্থান কর্মসূচি পালন করে। আন্দোলনকারীরা সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের শেখ মাসেল চতুর্থ থেকে বিক্ষেপ মিছিল বের করে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। সমাবেশে বক্তব্য দেন সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের রংপুর বিভাগীয় আহরায়ক ওয়াজুদ সাদমান, বিশ্ববিদ্যালয় শাখার আহরায়ক রোকনুজ্জামান রোকেন ও সময়সূচি প্রিস্ক।

চবি : প্রজ্ঞাপন জারির দাবিতে শাটেল ট্রেন অবরোধ করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সোমবার ক্লাস-পরীক্ষা বর্জনের কর্মসূচি হিসেবে ট্রেনটি বোলশহর টেক্ষেনে পৌছালে শিক্ষার্থীরা রেললাইন অবরোধ করেন। পরে দুপুর ২টায় অবরোধ স্থানিতে আন্দোলনকারীরা। অবরোধ স্থানিতের বিষয়ে চবির প্রধান সময়সূচি আরজু টেক্সুয়াই বলেন, আজ সকাল থেকে ফের আন্দোলন চলবে।

ইবি : ক্লাস-পরীক্ষা বর্জন করে বিক্ষেপ মিছিল, মানববন্ধন এবং অবস্থান কর্মসূচি পালন করে আন্দোলনকারীরা। পরে আন্দোলনকারীরা প্রধান ফটক অতিক্রম করে সামনে কুষ্টিয়া-খুলনা মহাসড়কের পাশে মানববন্ধন করে। একপর্যায়ে তারা প্রধান ফটকের সামনে অবস্থান করে বিভিন্ন প্রাণান্তর দিতে থাকে।

বরিশাল বুরো : ক্লাস ও পরীক্ষা বর্জন করে বিক্ষেপ করেছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে সোমবার বিক্ষেপ সমাবেশ অনুষ্ঠিত হয়। শফিকুল ইসলামের সভাপতিতে সমাবেশ বক্তব্য রাখেন তনুজী রায়, সৈয়দ রিজুতী, জহিরুল ইসলাম এবং মিথীনা এনামসহ অন্যরা।

শাবি : সোমবার সকাল ৮টায় বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের ডাকা ছাত্রধর্মঘটের সঙ্গে একার্তা পোষণ করে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে অবস্থান নেন। পরবর্তী সময়ে সকাল সাড়ে ১০টায় প্রধান ফটক থেকে একটি বিক্ষেপ মিছিল বের হয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে কেন্দ্রীয় গ্রাহণার ভবনের সামনে এসে একটি সমাবেশে মিলিত হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃপক্ষ ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিস্টিং এন্ড প্রার্লিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সাকুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।